



জেলা পরিষদ কার্যালয়
নাটোর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ফোন : ০৭৭১-৬২১২৮ ফ্যাক্স : ০৭৭১-৬৬৮৭৮

www.zpnatore.gov.bd e-mail: ceozpnatore@gmail.com

স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০২৪.১৮-

তারিখ : /১২/২০১৯ খ্রিঃ

“শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি”

নাটোর জেলা পরিষদ কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে শুধু মাত্র ২০১৯ সালে এসএসসি এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ ছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- (০১) আবেদনকারীকে ২০১৯ সনে অনুষ্ঠিত এস.এস.সি/এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে। অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ হলেও আবেদন করা যাবে।
- (০২) ডাকযোগে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি আবেদন করতে হবে।
- (০৩) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ই-মেইল ঠিকানা : ceozpnatore@gmail.com।
- (০৪) অনলাইনে আবেদন অথবা সরাসরি অথবা ডাকযোগে ০২-০২-২০২০ খ্রি: তারিখের মধ্যে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ২৬-০১-২০২০ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (০৫) অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ ছাত্রীকে নাটোর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- (০৬) আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- (০৭) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (০৮) আবেদনপত্রের সাথে পরীক্ষার মার্কশীট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (০৯) অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষর

(খন্দকার মোঃ মাহাবুবুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নাটোর।

ফোন-০৭৭১-৬২১২৮।

তারিখ : ০২/১২/২০১৯ খ্রিঃ

স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০২৪.১৮- ৬৬২ (২০০)
অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো।

- ৪। জেলা প্রশাসক(সকল)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) নাটোর।
- ৭।নং ওয়ার্ড সদস্য জেলা পরিষদ, নাটোর।
- ৮। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৯। সম্পাদক, দৈনিক নাটোরের খবর ও কালের কণ্ঠ নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ০১-০১-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপি সহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১০। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নাটোর।

তারিখ : ০২/১২/২০১৯